

“শেখ হাসিনার বারতা  
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।



স্মারক নং:- ৩২.০১.০০০০.০০৩.২৩.০৬৩.২১- ১৯৩৬


তারিখ: ১২/১২/২০২২ খ্রি:

**বিষয়: কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে জেলা পর্যায়ে জেলা শিশু একাডেমিতে বিজয় দিবস-২০২২ উদযাপন প্রসঙ্গে।**

সূত্র: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং: ৩২.০০.০০০০.০১৯.২৩.০৪২.২২.৯১১ তারিখ: ১৪/১১/২০২২ খ্রি:

উপরোক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহান বিজয় দিবস-২০২২ (১৬ ডিসেম্বর ২০২২) যথাযথ মর্যাদায় উদযাপনের লক্ষ্যে কিশোর কিশোরী ক্লাবের সকল সদস্যদের উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হল। মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন কিশোরী কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের ক্লাব সদস্যদের বিজয় দিবস-২০২২ উদযাপনের লক্ষ্যে ইতোমধ্যে ক্লাব পর্যায়ে বরাদ্দ প্রেরণ করা হয়েছে। বিজয় দিবসের ব্যানারে কিশোর কিশোরী ক্লাবের ক্লাবের নাম, পৌরসভার নাম ও জেলার নামসহ মহিলা বিষয়ক অধিদপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় উল্লেখ করতে হবে। জেলা পর্যায়ে জেলা সদর পৌরসভার ক্লাব সদস্যদের নিয়ে জেলা শিশু একাডেমির সাথে সমন্বয়ের মাধ্যমে জেলা শিশু একাডেমিতে বিজয় দিবস উদযাপনের জন্য নির্দেশক্রমে অনুরোধসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং দিবস উদযাপনের ধারনকৃত স্থিরচিত্র সমূহ [kkcpadmn@gmail.com](mailto:kkcpadmn@gmail.com) প্রেরণের জন্য বলা হল।

উপপরিচালক (সংশ্লিষ্ট সকল জেলা)

  
মো: তারিকুল আলম  
অতিরিক্ত সচিব  
প্রকল্প পরিচালক (অ:দা)  
কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ১। জেলা প্রশাসক (সকল জেলা)।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল সদর উপজেলা)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা (সকল জেলা)।
- ৫। প্রোগ্রাম অফিসার, প্রশাসন-১ শাখা, ওয়েবসাইট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৭। ফিল্ড সুপারভাইজর, কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প (সকল জেলা) (সদর উপজেলা ও পৌরসভার জেতার প্রমোটার, সংগীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষকদের উপস্থিতি নিশ্চিত করার জন্য বলা হল)।
- ৮। অফিস কপি।